# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**সুপারভাইজরি পলিসি এন্ড কোঅর্ডিনেশন ডিপার্টমেন্ট**


১৯ শ্রাবণ ১৪৩২
এসপিসিডি সার্কুলার নং-০১ তারিখঃ -----------------
০৩ আগস্ট ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**Supervisory Policy and Coordination Department গঠন প্রসঙ্গে।**

বাংলাদেশের ব্যাংকিং সেক্টরের জন্য একটি কার্যকর ঝুঁকিনির্ভর তদারকি ব্যবস্থা বা Risk Based Supervision (RBS) প্রবর্তন ও তা যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে ব্যাংকিং খাতের স্থিতিশীলতা নিশ্চিতকরণ এবং আর্থিক ব্যবস্থার প্রতি আস্থা বৃদ্ধির পাশাপাশি আন্তর্জাতিক মানদন্ডের সাথে সামঞ্জস্য বজায় রাখার লক্ষ্যে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ে Supervisory Policy and Coordination Department নামে একটি নতুন বিভাগ গঠন করা হয়েছে।

২। এ বিভাগটি বাংলাদেশ ব্যাংকের RBS বাস্তবায়ন সংক্রান্ত নীতি নির্ধারণ, আন্তঃবিভাগীয় সমন্বয়, কর্মপরিকল্পনা প্রণয়ন, বিভিন্ন পর্যায়ে সক্ষমতা উন্নয়ন এবং সুপারভাইজরি পলিসি প্রণয়নসহ সুপারভিশন কার্যক্রমের আধুনিকায়নে সার্বিক দিকনির্দেশনা প্রদান করবে। আর্থিক খাতের সুদূরপ্রসারী সংস্কার কর্মসূচি বাস্তবায়নে এ বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

৩। Risk Based Supervision সম্পর্কিত যাবতীয় যোগাযোগ Supervisory Policy and Coordination Department এর সাথে সম্পাদন করার জন্য সকল তফসিলি ব্যাংক ও সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদান করা হলো।

সকলের অবগতির জন্য এই সার্কুলার জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

Md. Rab.

(মোহাম্মদ আবদুর রব)
পরিচালক (এসপিসিডি)
ফোন: ৯৫৩০১৭৩